দৈনিক ইনকিলাব

০৫ AUG

ডকুমেন্টেশন কেন্দ্র

## শিক্ষাঙ্গন

### মদন মোহন কলেজের সমস্যা

সিলেট শহরের লামাবাজারে অবস্থিত ঐতিহ্যবাহী স্বনামধন্য বেসরকারী বিদ্যাপীঠ সিলেট মদন মোহন কলেজ। বৃটিশ শাসনামলে প্রতিষ্ঠিত এই শিক্ষালয়টি আজও সরকারের পুরোপুরি কৃপাদৃষ্টি লাভে সক্ষম হয়নি। অথচ বাংলাদেশের শত শত কলেজ বিশ্ববিদ্যালয়ের মধ্যে এর অবস্থান অত্যন্ত উজ্জ্বল।

কলেজটির বহুবিধ সমস্যার মধ্যে ছাত্রাবাস একটি উল্লেখযোগ্য ও প্রকট সমস্যা। কলেটিতে অধ্যয়রত প্রায় ৪ হাজার ছাত্র-ছাত্রীদের জন্য রয়েছে মাত্র ৮৪ আসন বিশিষ্ট জরাজীর্ণ একটিমাত্র ছাত্রাবাস। চাহিদা থাকা সত্ত্বেও ছাত্রদের আবাসিক সমস্যা সমাধানের উদ্যোগ নেই, ফলে ক্রমশঃ আবাসিক সমস্যা প্রকট হচ্ছে। কলেজটির অধ্যয়রত কয়েক শত ছাত্রীর জন্য নেই কোন ছাত্রীনিবাস। ছাত্রাবাসটির অবস্থান শহরের প্রাণকেন্দ্র লামাবাজারে থাকায় এখানের আবাসিক পরিবেশ ক্ষুণ্ন হচ্ছে। ফলে সর্বদা দুর্গন্ধযুক্ত ও নোংরা পরিবেশ বিদ্যামান। ছাত্রাবাসের রাস্তায় যানবাহনের গতিরোধক নির্মাণের ব্যাপারে কর্তৃপক্ষের নেই কোন ভ্রূক্ষেপ। ছাত্রাবাসের পুরাতন ভবনের দেয়ালে বিভিন্ন স্থানে মারাত্মক ফাটল দেখা দিয়েছে। যেকোন সময় দুর্ঘটনার আশংকা উড়িয়ে দেয়া যায় না। এতোসব সমস্যা সমাধান বেসরকারী কলেজটিরপক্ষে সম্ভব নয়, তাই শিক্ষামন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের এ ব্যাপারে দৃষ্টি দেয়া প্রয়োজন।

—মোস্তফা সেলিম